

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ২০২২-২৩ সালের ১ম ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : সঞ্জয় কুমার বণিক, অতিরিক্ত সচিব(সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয়।

তারিখ : ৩১/১০/২০২২

সময় : বেলা ১১-০০ ঘটিকা

স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়

উপস্থিতি : ভার্চুয়াল জুম মাধ্যম।

ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তরের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পরিচয়পর্ব শেষে সভাপতি কর্তৃক সভা আয়োজনের উদ্দেশ্য বর্ণনা করা হয়। অতঃপর নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার প্রথম প্রান্তিকে দাখিলকৃত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা এবং শুদ্ধাচার কার্যক্রমকে সুনিপুণভাবে বাস্তবায়ন করার বিষয়ে মতবিনিময় করা হয়। প্রথম প্রান্তিকের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার ২ এবং ৩ নং সূচকে কিছু কিছু পরিবর্তন প্রয়োজন। এছাড়া নৌপরিবহন অধিদপ্তর ব্যতীত অন্যান্যদের সংযোজনীসমূহ ত্রুটিপূর্ণ। সভাপতি কর্তৃক সংশ্লিষ্ট সকলকে মন্ত্রিপরিষদ বিভাগের গাইলাইন এবং ২৫ অক্টোবর তারিখের এতদ্ সংক্রান্ত নির্দেশনা অনুসরণের আহ্বান জানানো হয়। এছাড়া সভায় এপিএ এর লক্ষ্য পূরণে অধিকতর মনযোগী/সচেতন হওয়ার অনুরোধ করা হয়।

২. সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্ত-ক : কর্মপরিকল্পনা বাস্তবায়নের সাথে জড়িত সকল কর্মকর্তার সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে।

সিদ্ধান্ত-খ : প্রতি মাসের শুরুতেই কর্মপরিকল্পনা বাস্তবায়নে জড়িতের নিয়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে।


সিদ্ধান্ত-গ : কর্মপরিকল্পনার সময়াবদ্ধ অংশের বিষয়ে সতর্ক থাকতে হবে, যেন যথাসময়ে বাস্তবায়ন করা যায়।

সিদ্ধান্ত-ঘ : প্রয়োজনীয় প্রমাণক যথা: ছবি/ভিডিও, প্রত্যয়ন, স্ক্রিনশট, তালিকা, অফিস আদেশ, সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা ইত্যাদি যথাসময়ে সংগ্রহ করতে হবে।

সিদ্ধান্ত-ঙ: কর্মপরিকল্পনায় প্রয়োজনীয় সংশোধনী এনে ওয়েবসাইটে আপলোড করতে হবে।

সিদ্ধান্ত-চ: অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় ভার্চুয়ালি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সঞ্জয় কুমার বণিক
অতিরিক্ত সচিব(সংস্থা-২)

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়।

স্মারক নং: নং-১৮.০০.০০০০.০৪১.২৭.০০১.২১-২৪৩


তারিখ: ০১/১১/২০২২ খ্রি.

বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. চেয়ারম্যান, চবক/বাস্থবক/ মোবক/পাবক/বিআইডব্লিউটিসি/ বিআইডব্লিউটিএ।
২. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি।
৪. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
৫. অধ্যক্ষ, ন্যাশন্যাল মেরিটাইম ইন্সটিটিউট।
৬. পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব সংস্থা-২, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব(প্রশাসন ও বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।


(মোঃ গোলাম রাকী, পিএএ)
উপসচিব (সুশাসন)